

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

بَابُ تَعْجِيْلِ الصَّلَوَاتِ

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا أَدْرَكَ أَحَدُكُمْ سَجْدَةً مِنْ صَلَاةِ الْعَصْرِ قَبْلَ أَنْ تَغْرُبَ الشَّمْسُ فَلْيُتِمَّ صَلَاتَهُ وَإِذَا أَدْرَكَ سَجْدَةً مِنْ صَلَاةِ الصَّبْحِ قَبْلَ أَنْ تَعْرُبَ الشَّمْسُ فَلْيُتِمَّ صَلَاتَهُ وَإِذَا أَدْرَكَ سَجْدَةً مِنْ صَلَاةِ الصَّبْحِ قَبْلَ أَنْ تَطْلُعَ الشَّمْسُ فَلْيُتِمَّ صَلَاتَهُ» . رَوَاهُ البُخَارِي

বাংলা

৬০২-[১৬] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ সূর্যান্তের আগে 'আসরের সালাতের এক সিজদা (সিজদা/সেজদা) (রাক্'আত) পেলে সে যেন তার সালাত (সালাত/নামায/নামাজ) পূর্ণ করে। এমনিভাবে ফজরের (ফজরের) সালাত (সালাত/নামায/নামাজ) সূর্যোদয়ের আগে এক সিজদা (সিজদা/সেজদা) (রাক্'আত) পেলে সেও যেন তার সালাত পূর্ণ করে। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৫৬, নাসায়ী ৫১৬, সুনানুল কুবরা লিল বায়হাক্কী ১৭৭৪, সহীহ ইবনু হিব্বান ১৫৮৬, সহীহাহ্ ৬৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: "সিজদ্" শব্দের স্থলে অন্য বর্ণনায় "রাক্'আত" শব্দ এসেছে। পূর্বের হাদীসেও "যে ব্যক্তি রাক্'আত পেল" বলা হয়েছে। খাত্ত্বাবী বলেন, এখানে সিজদা (সিজদা/সেজদা) দ্বারা রুক্'-সিজদাসহ পূর্ণ রাক্'আত উদ্দেশ্য। আর রাক্'আত তো পূর্ণ হয় সাজদার মাধ্যমে। এজন্যই রাক্'আতকে সিজদা (সিজদা/সেজদা) বলা হয়েছে। কেউ যদি সূর্য উঠার পূর্বে 'আসরের এক রাক্'আত পায় সে যেন বাকী রাক্'আত পূর্ণ করে নেয়। তাহলে সম্পূর্ণ সালাতই আদায় হয়ে যাবে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন